



DATE: 03/01/2022

TO  
The officer in charge  
Ashighar Out Post  
Under Bhaktinagar Police Station  
Dist- Jalpaiguri

Sub: FIR

মহাশয়,

সবিনয় নিবেদন এই যে আমি অধীর চন্দ্র বর্ধন, পিতা-স্বর্গীয় নিবারন বর্ধন,সাকিন-উত্তর শান্তিনগর,থানা -  
ভক্তিনগর, জেলা - জলপাইগুড়ি এর বাসিন্দা।

আপনার নিকট আমি এই মর্মে অভিযোগ করিতেছি যে গতকাল ইংরেজির ০২/০১/২০২৩ তারিখ দুপুর প্রায় ৩  
টা নাগাদ আমার নাবালক ছেলে দ্বীপজ্যোতি বর্ধন টিউশন থেকে কানকাটা মোড় হয়ে উপরোক্ত ঠিকানার  
আমাদের বাড়িতে আসছিল। আমার ছেলে ঠিক সেই সময় কানকাটা মোড়ের সামনে যানবাহনের যানজট তৈরি  
হবার ফলে আমার ছেলে রাস্তা পার হবার জন্য কানকাটা মোড়ের সামনে সাইকেল নিয়ে দাড়িয়ে পড়ে। ঠিক সেই  
সময় থানা - ভক্তিনগর, জেলা - জলপাইগুড়ির অন্তর্গত উত্তর শান্তিনগর এর বাসিন্দা ১) তারক বর্ধন, পিতা -  
স্বর্গীয় মাখন বর্ধন সাইকেল নিয়ে কানকাটা মোড়ে আমার ছেলের পাশে এসে দাড়ায়। এরপর বিনাকারনে আমার  
ছেলেকে উদ্দেশ্য করে রাস্তা পার হওয়াকে কেন্দ্র করে মা বাবা তুলে অকথ্য ভাষায় গালাগালি করতে থাকে এবং  
আমার ছেলেকে এটা কি তাঁর বাপের রাস্তা বলে কুটুক্তি করতে থাকে। আমার ছেলে উক্ত তারক বর্ধন কে  
এইভাবে বাপ মা তুলে গালাগালি করতে বারণ করলে সে আমার ছেলের উপর আচমকা চড়াও হয়ে পড়ে। এরপর  
আমার ছেলেকে সে সাইকেল থেকে টেপে হিচড়ে মাটিতে নামিয়ে মাটিতে লুটিয়ে ফেলে দিয়ে আমার ছেলের  
বুকের উপর চোড়ে আমার ছেলের মাথা রাস্তায় ঠেকিয়ে খেঁতলাতে আরম্ভ থাকে। তাঁর ঘুসির আঘাতে আমার  
ছেলের মুখ দিয়ে রক্ত বেড়িয়ে পড়ে। আমার ছেলেকে আসেপাশের লোকজন বাঁচাতে এলে উক্ত তারক বর্ধন  
জোরপূর্বক আমার ছেলেকে তাদের সামনে গলা টিপে ধরে শ্বাসরোধ করার চেষ্টা করে। এরপর আমার ছেলের  
মাথায় একের পর এক ঘুসি মারতে থাকে এর ফলে আমার ছেলের মাথা ফুলে যায়। পরবর্তীতে সেখানকার  
লোকজন এর সহতায় আমার ছেলে উক্ত তারক বর্ধন এর হাত থেকে রক্ষা পায়। এরপর আমার ছেলে বাড়িতে  
এসে উক্ত তারক বর্ধন এর আমার ছেলের উপর এইভাবে মারধরের কথা জানালে প্রথমে আমি ভাবি আমার  
ছেলের হয়তো ভুল আছে সেইজন্য তাই সে আমার ছেলেকে মারধর করেছে। তাই আমি আমার ছেলের সাথে  
উক্ত তারক বর্ধন এর ব্যাপারটা নিজেদের মধ্যে মীমাংসা করে নিতে চেয়েছিলাম। এরপর পরবর্তীতে আমি  
আমার ছেলের সাথে নিয়ে উক্ত তারক বর্ধন এর বাড়ির সামনে রাস্তায় গিয়ে আমার ছেলের কি দোষ করেছে সেটা  
জানতে গেলে উক্ত তারক বর্ধন আমার সামনেই আমার ছেলেকে অকথ্য ভাষায় গালাগালি করা শুরু করে দেয়  
এবং আমার ছেলেকে দা দিয়ে প্রাণে মেরে ফেলার হুমকি দেয়। আমি উক্ত তারক বর্ধন এর এইরূপ ব্যবহার দেখে  
অবাক হয়ে পরি এবং আমার ছেলের প্রাণ রক্ষাতে আমি উক্ত তারক বর্ধন এর এইরূপ ব্যবহারের প্রতিবাদ করলে  
উক্ত তারক বর্ধন আমাদের পরিবারের সবাই কে ভাড়াটে গুণ্ডা দিয়ে প্রাণে মেরে ফেলার হুমকিও দেয়। বর্তমানে  
আমি আমার নাবালক ছেলেকে নিয়ে প্রাণ সংশয়ে ভুগছি। যেকোনো সময় উক্ত তারক বর্ধন আমার ছেলের উপর  
বড়সড় আঘাত আনতে পারে। উল্লেখ্য যে আমার ছেলে বর্তমানে এই বছরের উচ্চমাধ্যমিকের পরীক্ষার্থ এবং  
আমার ছেলের মাথায় গুরুতর আঘাত পাবার জন্য আমি মর্মান্বিত। ফলে আমি আমার ছেলের প্রাণ রক্ষাতে  
আপনার দ্বারস্থ হলাম।

এমত অবস্থায় আপনার নিকট বিনীত অনুরোধ দয়া করিয়া আমার বিষয়টির গুরুত্ব সহকারে অনুধাবন করিয়া  
উক্ত ১) তারক বর্ধন এর বিরুদ্ধে কঠোর থেকে কঠোর আইনি পদক্ষেপ নিয়ে বাধিত করিবেন।

Received on 03-01-2023 at 23:55 h ride ASC, OP.  
GDE No- 71 dt 0301.2023 and forwarded to  
see BLM PS for starting a specific case  
under proper section of law.

OFFICER IN CHARGE  
ASHIGHAR OUT POST  
Under Bhaktinagar PS  
Siliguri Police Commissionerat

ধন্যবাদান্তে

Ashish Barman  
9892075882

Received on 04/01/23 at 08:15 hr vide case No 13/23 dt 04/01/23 started BLM PS case No 13/23 dt 04/01/23 U 341/325/586 JPC and the same of the same of A.S.P. for its investigation

Inspector-in-charge  
Bhaktinagar Police Station  
Siliguri Police Commissionerat